



বাংলাদেশ ব্যাংক

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স  
(বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট কর্তৃক প্রেরিত)

সূত্র নং : ডিসিপি(পিআর) ০৫/২০২২-৪২২

তারিখ : ১৬ নভেম্বর, ২০২২

## প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,  
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া  
ঢাকা।

প্রবাসী বাংলাদেশি ও তাদের প্রিয়জনদের জানানো যাচ্ছে যে, কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলের বাইরে (হুন্ডি বা অন্য কোনো অবৈধ পথে) প্রেরণ করা আইনত দণ্ডনীয় অপরাধ এবং এতে দেশ ক্ষতিগ্রস্ত হয়। আপনাদের অর্জিত মূল্যবান বৈদেশিক মুদ্রা হুন্ডি বা অন্য কোনো অবৈধ পথে না পাঠিয়ে বৈধ পথে/ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে দেশে প্রেরণ করুন, দেশ গড়ায় মূল্যবান অবদান রাখুন এবং আপনার প্রিয়জনকে ঝুঁকিমুক্ত ও নিরাপদ রাখুন। উল্লেখ্য, অবৈধ পথে রেমিট্যান্স প্রেরণের সাথে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে প্রমাণ সাপেক্ষে প্রচলিত আইনে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট (বিএফআইইউ) যথাযথ ব্যবস্থা গ্রহণ করছে।

হুন্ডি পথে টাকা লেনদেন বন্ধ করি  
সবাই মিলে সুন্দর একটা দেশ গড়ি।

জাতীয় ও ব্যাংকিং স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাইদা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র  
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স  
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।  
টেলিফোন: ৯৫৩০৩০০; মোবাইল: ০১৭১১১৫৪৭৭৮  
E-mail: sayeda.khanam@bb.org.bd